নিয়োগ বিজ্ঞপ্তি

ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ মোমেনশাহী
মোমেনশাহী সেনানিবাস
Web: www.cpscm.edu.bd

অত্র প্রতিষ্ঠানে নিম্নবর্ণিত পদে নিয়োগের জন্য সৎ, যোগ্য ও প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে ঃ

ক্রঃ নং	পদের নাম	ন্যূনতম যোগ্যতা	বেতন স্কেল-২০১৫ মোতাবেক
১।	সহকারী শিক্ষক (সংগীত) - ০১ জন	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংগীত বিষয়ে ০৪ বছর মেয়াদী স্নাতক ডিগ্রি (বিএড সহ/ বিএড ব্যতিত)।	ক। বিএড সহ গ্রেড-১০ ১৬০০০-৩৮৬৪০/- খ। বিএড ব্যতিত গ্রেড-১১ ১২৫০০-৩০২৩০/-
২।	অফিস সুপারিনটেনডেন্ট- - ০১ জন	ক। স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রীসহ কম্পিউটার ও ইন্টারনেট ব্যবহারে দক্ষ। খ। সেনাবাহিনীর অবসরপ্রাপ্ত জেসিও করনিকদের ক্ষেত্রে বয়স ও শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।	বেতন গ্রেড-১১ ১২৫০০-৩০২৩০/- সেনাবাহিনীর অবসরপ্রাপ্তদের ক্ষেত্রে বেতন ও ভাতা আলোচনা সাপেক্ষে (Consolidated Pay) নির্ধারিত হবে।
৩।	হিসাবরক্ষক-০১ জন	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে হিসাব বিজ্ঞান বিষয়ে স্নাতক ডিগ্রীসহ কম্পিউটার ও ইন্টারনেট ব্যবহারে দক্ষ।	বেতন গ্রেড-১১ ১২৫০০-৩০২৩০/-

চাকুরীর শর্ত ও আবেদনের নিয়মাবলী।

ক। প্রার্থীকে www.cpscm.edu.bd তে প্রবেশ করে অনলাইনে আবেদন করতে হবে। অনলাইন ছাড়া কোন আবেদন গ্রহন করা হবে না। আবেদনকারীকে ব্যাংক চার্জসহ ৫৩০/- (পাঁচশত ত্রিশ) টাকা অনলাইনে SSLCommerz এর মাধ্যমে পেমেন্ট করে আগামী ২৭ আগষ্ট ২০২৬ হতে ২০ সেপ্টেম্বর ২০২৬ তারিখের মধ্যে আবেদন করতে হবে।

খ। প্রার্থীদের অস্থায়ী ভিত্তিতে নিয়োগের পর ০২ (দুই) বৎসর চাকুরীকাল পর্যবেক্ষণ পিরিয়ড হিসেবে গণ্য হবে। পর্যবেক্ষন পিরিয়ড শেষে পেশাগত মান সন্তোষজনক বিবেচিত হলে প্রতিষ্ঠানের নিয়ম অনুযায়ী চাকুরী স্থায়ী করা হবে। চাকুরী স্থায়ীকরণের পর বাড়ি ভাড়া, চিকিৎসা ভাতা, পোশাক ভাতা, উৎসব ভাতা, উৎসাহ ভাতা, প্রভিডেন্ড ফান্ড, গ্র্যাচ্যুইটি এবং আবাসন সুবিধা (প্রতিষ্ঠানের বিধি মোতাবেক) প্রদান করা হবে।

গ। **শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় বিভাগ/শ্রেণি (জিপিএ-২.৫০ এর নীচে) গ্রহণযোগ্য নয় এবং বয়স ৩৫ এর নীচে হতে হবে** । অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য করা হবে।

লিখিত পরীক্ষা। আগামী ২৬ সেপ্টেম্বর ২০২৬ তারিখ ১০০০ ঘটিকায় অত্র প্রতিষ্ঠানে লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের নামীয় তালিকা ২৩ সেপ্টেম্বর ২০২৬ তারিখে প্রতিষ্ঠানের ওয়েব সাইটের মাধ্যমে জানিয়ে দেয়া হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য টিএ/ডিএ প্রদান করা হবে না।

অধ্যক্ষ